আজকের কাগজ

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

44

# দু' শিক্ষকের দ্বন্দ্ব।। কিশামত হলদিয়া উচ্চ বিদ্যালয়ে তালা

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ থানার ধোপাডাংগা ইউনিয়নের কিশামত হলদিয়া উচ্চ বিদ্যালয়ের দু'শিক্ষকের মধ্যে দ্বন্দ্বের জের হিসেবে উক্ত বিদ্যালয়ে এখন তালা ঝুলছে। প্রকাশ-উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল হোসেন সরকারকে সাময়িক বরখাস্ত করে একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক আজিজুল হক প্রামানিককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বে দেয়া নিয়ে বিভিন্ন আদালতে কয়েকটি মামলা দায়ের করা হয়। এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান রাজশাহী, উপপরিচালক রংপুর অঞ্চল সহ বিভিন্ন সময় বিভিন্ন কর্তৃপক্ষের তদন্ত অনুষ্ঠিত হয়েছে।সব মামলার রায় ও তদন্ত প্রতিবেদন প্রধান শিক্ষক আবুল হোসেন সরকার এর অনুকূলে দেয়া হয়েছে। তাকে দায়িত্ব বুঝিয়ে দেয়ার জন্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উক্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে প্রয়োজনীয় নির্দেশ দিলেও তা এখনো কার্যকর হয়নি। কর্তৃপক্ষের নির্দেশ পেয়ে প্রধান শিক্ষক আবুল হোসেন সরকার গত ১ মার্চ ৯২ তারিখে কাজে যোগদান করলেও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তাকে দায়িত্ব বুঝে দেয়নি। পরবর্তীতে রাজশাহী বোর্ডের চেয়ারম্যান গত ২৬ অক্টোবর ৯২ তারিখে আবুল হোসেন সরকারকে দায়িত্ব বুঝিয়ে দেয়ার জন্যে নির্দেশ দেন। এই নির্দেশ পাওয়ার পর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দিয়ে প্রধান শিক্ষকের কাজে বাধা সৃষ্টি করছে। এর ফলে উক্ত স্কুলে লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে বলে স্থানীয় জনসাধারণ জানিয়েছে। গাইবান্ধা থেকে বাবুল রয়।